

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০০

খোয়াই, ২৩ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
বেহালাবাড়ি ভিলেজে শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে তুলাশিখর ইউকের বেহালাবাড়ি ভিলেজে ২দিনব্যাপী শিবির আজ সমাপ্ত হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন তুলাশিখর বিএস'র ভাট্টস চেয়ারম্যান সুতান্বর দেববর্মা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এলডিএম সুব্রত মন্ডল, ইউকের বিডিও মানস মুড়াসিং ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে ইউক প্রশাসন থেকে ৪৭০ জনকে আবেদনপত্র দেওয়া হয়েছে। তাছাড়া প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পে ২৮টি আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে খোয়াই মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১২৫টি পিআরটিসি, ৯৮টি ইনকাম, ৬২টি ম্যারেজ, ১৬০টি এসাটি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ৬০টি আধার কার্ড আপডেট করা হয়েছে। প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগের জন্য ৭টি আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। প্যান কার্ডের আবেদন গ্রহণ করা হয়েছে ৩টি। তাছাড়া শিবিরে ১০ জনকে রেশন কার্ড দেওয়া হয়েছে।
